

মারইয়াম | Maryam | مَرْيَمَ

আয়াতঃ ১৯ : ২৫

আরবি মূল আয়াত:

وَهَزَىٰ إِلَيْكَ بِجَذْعِ النَّخْلَةِ تُسْقِطُ عَلَيْكَ رَطْبًا جَنِيًّا ﴿٢٥﴾

অনুবাদসমূহ:

‘আর তুমি খেজুর গাছের কাণ্ড ধরে তোমার দিকে নাড়া দাও, তাহলে তা তোমার উপর তাজা-পাকা খেজুর ফেলবে’। — আল-বায়ান

খেজুর গাছের কাণ্ড ধরে তুমি তোমার দিকে নাড়া দাও, তা তোমার উপর তাজা পরিপক্ব খেজুর পতিত করবে। — তাইসিরুল

তুমি তোমার দিকে খেজুর বৃক্ষের কাণ্ডে নাড়া দাও, ওটা তোমাকে সুপক্ব তাজা খেজুর দান করবে। — মুজিবুর রহমান

And shake toward you the trunk of the palm tree; it will drop upon you ripe, fresh dates. — Sahih International

২৫. আর তুমি তোমার দিকে খেজুর-গাছের কাণ্ডে নাড়া দাও, সেটা তোমার উপর তাজা-পাকা খেজুর ফেলবে।

-

তাফসীরে জাকারিয়া

(২৫) তুমি তোমার দিকে খেজুর গাছের কাণ্ড হিলিয়ে দাও; ওটা তোমার সামনে সদ্যঃপক্ব তাজা খেজুর ফেলতে থাকবে। [1]

[1] سَرِي ছোট নদী বা ঝরনাকে বলা হয়। অর্থাৎ মুজিয়া বা কারামত স্বরূপ মারয়ামের পদতলে পান করার জন্য পানির ছোট নদী এবং খাওয়ার জন্য একটি শুকনো খেজুর গাছ হতে টাটকা পাকা খেজুরের ব্যবস্থা করলেন। আহবানকারী ছিলেন জিবরীল (আঃ) যিনি উপত্যকার নীচে হতে আহবান করেছিলেন। কেউ কেউ বলেন যে, سَرِي অর্থ সরদার বা নেতা, আর সে অর্থে ঈসা (আঃ)-কে বুঝানো হয়েছে এবং তিনিই মা মারয়ামকে নিম্নদেশ হতে আওয়াজ দিয়েছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2275>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন